



## ঢাকা বিশ্ববিদ্যালয়

এতদ্বারা পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, জাতীয় বন্ধ প্রকৌশল ও গবেষণা ইনস্টিটিউটের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের এমবিএ ইন টেক্সটাইল এন্ড অ্যাপারেল ভ্যালুচেইন বিভাগের লেভেল-১, টার্ম-১ পরীক্ষা-২০২৪ আগামী ০২ ডিসেম্বর, ২০২৪ তারিখ হইতে অনুষ্ঠিত হইবে। উক্ত পরীক্ষার ফরমপূরণ ও ফিস্ আগামী ২৮/১১/২০২৪ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস্ অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। “[www.ducmc.com](http://www.ducmc.com)” এই লিংকে প্রবেশ করে ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ২৮/১১/২০২৪ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস্ জমা নেওয়া সম্ভব হইবে না।

### নিম্নোক্ত নিয়মাবলি অনুসারে ফরম ও ফিস্ দাখিল করিতে হইবে

- ১। যে সকল পরীক্ষার্থী পূর্ববর্তী যে কোন পরীক্ষায় যে কোন বিষয়ে রেফার্ড পাইয়াছে সেই সকল পরীক্ষার্থীকে “Irregular” পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস্ পরিশোধ করিতে হইবে।
- ২। যে সকল পরীক্ষার্থী পূর্ববর্তী কোন পরীক্ষায় কোন বিষয়ে রেফার্ড পায় নাই কেবলমাত্র সেই সকল পরীক্ষার্থীদেরকে “Regular” পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে।
- ৩। প্রত্যেক বিষয়ের ক্লাসে ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৭৫% হাজিরা থাকিতে হইবে। যে সকল ছাত্র/ছাত্রীর ক্লাসে হাজিরা ৬০% হইতে ৭৪% এর মধ্যে আছে সেই সকল ছাত্র/ছাত্রীকে নন-কলেজিয়েট ছাত্র/ছাত্রী হিসেবে গণ্য করিতে হইবে এবং নন-কলেজিয়েট ফিস্ পরিশোধ করিতে হইবে। যে সকল ছাত্র/ছাত্রীর ক্লাসে হাজিরা ৬০% এর কম আছে সেই সকল ছাত্র/ছাত্রীকে ডিস-কলেজিয়েট ছাত্র/ছাত্রী হিসেবে গণ্য করিতে হইবে। যাহারা পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না।
- ৪। দেয় ফিসের টাকা “Fees from the Constituent College” এই নামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার তৈয়ার করিয়া ফর্মের সঙ্গে জমা দিতে হইবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসেবে দেয় (A/C Payee) হইতে হইবে।
- ৫। ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রেশন ব্যতীত কোন পরীক্ষার্থীর ফরম ও ফিস্ জমা দেওয়া যাইবে না।
- ৬। কলেজের অধিভুক্তি নবায়নের ফটোকপি সত্যায়িত করিয়া ফরম ও ফিসের সহিত জমা দিতে হইবে।
- ৭। ফরওয়ার্ডিং লেটারের মাধ্যমে পরীক্ষার এন্ট্রি ফরম বাবদ জনপ্রতি ১০০ (একশত) টাকা করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার “Controller of Examinations” (A/C-33011288) শিরোনামে জমা দিতে হইবে। নগদ/চেক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না।

### পরীক্ষার ফিস ও অন্যান্য ফিসের হার নিম্নরূপ:

- ১। প্রতি সেমিস্টার পরীক্ষার ফিস্ (জনপ্রতি) ----- ৫,০০০/- টাকা
- ২। ইমপ্রুভমেন্ট/রিটেক দুই বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ ----- ৩,০০০/- টাকা
- ৩। ইমপ্রুভমেন্ট/রিটেক তিন বা ততোধিক বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ ----- ৪,৫০০/- টাকা
- ৪। মার্কশীট ফিস্ (জনপ্রতি) ----- ৩০০/- টাকা
- ৫। রিটেনশন ফিস্ (অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে-জনপ্রতি) ----- ৭৫০/- টাকা
- ৬। নন-কলেজিয়েট ফিস্ (নন-কলেজিয়েট পরীক্ষার্থীদের ক্ষেত্রে-জনপ্রতি) ----- ২,২৫০/- টাকা

প্রশাসনিক ভবন

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা-১০০০।

স্বাক্ষর/-

পরীক্ষা নিয়ন্ত্রক


ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ২৫/১১/২০২৪

মেমো নং: ২৯৫৬/মে.সে./প./৩৩৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরণ করা হইল।

- ১। ডীন, বিজনেস স্টাডিজ অনুষদ, ঢাঃ বিঃ।
- ২। অধ্যক্ষ, জাতীয় বন্ধ প্রকৌশল ও গবেষণা ইনস্টিটিউট (নিটার)।
- ৩। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ঢাঃ বিঃ।
- ৪। প্রক্টর, ঢাঃ বিঃ।
- ৫। উপ-রেজিস্ট্রার, উপাচার্য মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
- ৬। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
- ৭। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
- ৮। সকল পরীক্ষা উপ-নিয়ন্ত্রক, ঢাঃ বিঃ।
- ৯। সকল সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাঃ বিঃ।



পরীক্ষা নিয়ন্ত্রক

ঢাকা বিশ্ববিদ্যালয়।

